শ্রী রামকৃষ্ণ সারদা বিদ্যা মহাপীঠ
৫-ম ষান্মাসিক অভ্যন্তরীন মূল্যায়ন - ২০২১
বিষয় - বাংলা (অনার্স)
কোর কোর্স - সি. সি.-১১

সময় - ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান - ৫০

১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও। ২×৫ = ১০

(ক) 'আদাব' গল্পটি কোন পত্রিকায় কত সালে প্রথম প্রকাশিত হয়?

(খ) 'মরিবে না, সে কিছুতেই মরিবে না।' - কার প্রসঙ্গে কেন এই মন্তব্য?

(গ) মুস্তাফীর 'বাঙালী হলাম' - এর কোন পরিচয় 'ফসিল' গল্পে দেখা যায়?

(ঘ) 'গাঁয়ে কি গুজব রটেছে জান?' কোন গুজব রটেছে? গুজবটি শুনে শ্রোতার কী অভিব্যক্তি হয়েছিল?

(ঙ) 'মহিম নিয়ম ভঙ্গ করিয়াছে।' - কোন বিষয়ে নিয়ম ভঙ্গের কথা বলা হয়েছে?

(চ) "মোমের মতো শরীরে ওর পাকস্থলী ছাড়া আর কিছু নাই।" - কার সম্পর্কে কেন একথা বলা হয়েছে?

২। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

(ক) 'রাজাবাহাদুরকে আমি শ্রদ্ধা করি।' — রাজাবাহাদুরের নাম কী? এই বক্তব্যের মধ্য দিয়ে তাঁর প্রতি কথকের কী মনোভাব প্রকাশ পেয়েছে বিশ্লেষণ করো। ১+৪ = ৫

(খ) "... ভূত দেখার মতো চমকে উঠল মুক্তা-মজুর।" কেন চমকে উঠেছে সে? এই পরিস্থিতি গল্পের পক্ষে গুরুত্বপূর্ণ কেন, বিশ্লেষণ করো। ১+৪ = ৫

(গ) দুলাল মাহাতো ফিরে আসায় কুর্মীদের জীবনে কী পরিবর্তন এসেছে? মরিশাস থেকে সে কী সম্পদ নিয়ে ফিরেছে? ৪+১ = ৫

(ঘ) '... কেমন যেন খালি-খালি মনে হয় দুনিয়া।' - কার এমন মনে হয়েছে? কথাগুলির প্রসঙ্গ বিবৃত করো। ১+৪ = ৫

(ঙ) 'জটি আর জাল ফেলে পালায় নি।' - 'জাল' এখানে কোন বিশেষ তাৎপর্যে ব্যবহৃত হয়েছে? জটির জীবন এর ফলে কোন দিকে বাঁক নিল? ১+৪ = ৫

৩। যে কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও। ১০×২ = ২০

(ক) 'পুঁইমাচা' গল্পটি কেবলমাত্র সামাজিক নির্দয়তার ইতিহাস নয়, ব্যক্তিগত বেদনার চিত্রই গল্পটির সার্থকতার কারণ। - এবিষয়ে তোমার মতামত দাও। এই গল্প থেকে সহায়হরির পূর্বপুরুষের কোন ইতিহাস জানা যায়? ৮+২ = ১০

(খ) 'জলসাঘর গল্পে বিশ্বম্ভর রায়ের ট্র্যাজিক পরিণতি লেখকের সমবেদনায় চিত্রিত।' - বক্তব্যটির যথার্থতা বিচার করো। 'রাজবাড়ি' ও 'রায়পুকুর' নামদুটি এখনও বর্তমান কেন? ৮+২ = ১০

(গ) "তারা দেখছে, শুধু কতকগুলি সাদা সাদা ফসিল; তাতে আজকের এই এত লাল রক্তের কোন দাগ নেই!" — 'তারা' কারা? এই লাল রক্তের দাগের ইতিহাসটি লেখো। ২+৮ = ১০